

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০৫২.৩৫.০৩৮.১৬- ৯০১


তারিখ : ২৮ সেপ্টেম্বর ২০১৭।

বিষয় : কৃষিতে সরকার কর্তৃক গৃহিত প্রণোদনা ও পূর্ণবাসন কার্যক্রম সুষ্ঠু ভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতিবছরের ন্যায় এবারও সরকার কৃষিতে প্রণোদনা ও পূর্ণবাসন কার্যক্রম গ্রহণ করেছে। ইতোমধ্যে প্রণোদনা ও পূর্ণবাসন কার্যক্রম শুরু হয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে এ প্রণোদনা ও পূর্ণবাসন কার্যক্রম বাস্তবায়ন করা না হলে কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করা সম্ভব হবে না। এমতাবস্থায়, নির্দিষ্ট সময়ের মধ্যে প্রণোদনা ও পূর্ণবাসন কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ করা হলো। সব ফসলের প্রণোদনা একত্রে প্রদান করা সম্ভব না হলে ফসল অনুযায়ী নির্দিষ্ট তারিখের মধ্যে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে কোন শৈথিল্যতা প্রদর্শন করা যাবে না। প্রণোদনা ও পূর্ণবাসন সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ ও বিতরণ কালে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।

ফসল অনুযায়ী প্রণোদনা ও পূর্ণবাসন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদন প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত ই-মেইল সমূহে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়	secretary@moa.gov.bd
কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়	mosharaf25@gmail.com
কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব (সম্প্রসারণ) মহোদয়	mahbub4149@gmail.com


(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব

ফোন : ৯৫৫৮৮৫৩

ই-মেইল : sasexten1@moa.gov.bd

বিতরণ :

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (তাঁর অধীনস্থ সংশ্লিষ্ট সকল অঞ্চলের অতিরিক্ত পরিচালক, সংশ্লিষ্ট সকল জেলার উপপরিচালক ও সংশ্লিষ্ট সকল উপজেলা কৃষি অফিসারদের এ বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩। অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৪। উপ-পরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
- ৬। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয় (পত্রটি কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)
- ৭। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
- ৮। যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।